

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৩২

খোয়াই, ২৭ মার্চ, ২০২৫

২০২৫-২৬ অর্থবছরের কর্ম পরিকল্পনা নিয়ে খোয়াইয়ে সভা

খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায়েৰ (দত্ত) সভাপতিত্বে গতকাল জিলা পরিষদের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ২০২৫-২৬ অর্থবছরে খোয়াই জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়। সভায় জিলা পরিষদের সদস্য সচিব অভিরাম দেববর্মা জানান, আগামী অর্থবছরে খোয়াই জেলার বিভিন্ন স্থানে পাইপ লাইনে জলের সংযোগ, নতুন জলের ট্যাঙ্ক নির্মাণ, পাকা ড্রেন নির্মাণ, ইটের রাস্তা তৈরি, সোলার স্ট্রিট লাইট স্থাপন, বিভিন্ন বিদ্যালয়ে ডাইনিং হল নির্মাণ, বিভিন্ন পঞ্চায়েত কার্যালয়ে বাউন্ডারি ওয়াল নির্মাণ ইত্যাদি উন্নয়নমূলক কর্মসূচি রূপায়ন করা হবে। খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায়েৰ (দত্ত) উক্ত উন্নয়নমূলক কর্মসূচিগুলির পরিকল্পনা গ্রহণ করে তা সময়ের মধ্যে রূপায়ন করতে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সহকারী সভাপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, পরিষদের সদস্য সদস্যগণ, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান উত্তম অধিকারী, খোয়াই ব্লকের অতিরিক্ত বিডিও নেপাল নাথ, কল্যাণপুর ব্লকের অতিরিক্ত বিডিও প্রশান্ত চক্রবর্তী প্রমুখ।
